

TIPRA MULUK BAITHANG NAIKOLJAK HANGKOR KOKCHAP
KOKTHUM, HUKUMU TEI BERAIKHIRI BEDEK
KHUMULWNG, SALTHANG TRIPURA

=====

TTAADC saktarma bai Cycle bai Bharat
berainai Asha Malviyano Borom

=====

ADC/k-51

Khumulwng,29-05-2023

=====

Tini khumulwngo Tangnok kotorni Malaima nogo TTAADC saktarma bai Cycle bai Bharat berainai eba bosong ni thwngkwrwng Asha Malviya no borom rwjak kha. Risa tei khum bochop borom rwoi lamsogui TTAADC no twi kok sai khwnarwkha Habanok Chariphang Okra C.K. Jamatia. O pandao kok narwk phuru Cycle bai berainai Asha Malviya sakha bini berai mani wngkha 'Women safety and women Emproment' Bo sakha Tripurano khobui kai 20 haste berai kha. Oro okok sathai kwlaio thangnai bisini puila Novembero baithangni haste Madhya Pradesh Bhopal ni simi obo chengo hwnwi bo sai khwnarwo. Taklai bisini 15 August obono pairwjaknai Mgj Malviya sao. O pandao kubunrok ni bising manjak kha ADC ni kokboksina Capt. G.S. Rathee, Habanok Chariphang yakbara Okra Sankar Debnath, Habanok Chariphang yakchu Okra Budhilian Hrangkhwal tei Juda Juda bedekni jai phangrok.

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ
তথ্য, সংস্কৃতি ও পর্যটন দপ্তর,
ত্রিপুরা, পশ্চিম ত্রিপুরা

এডিসির উদ্যোগে সাইকেলে ভারত ভ্রমণকারী
আশা মালভিয়াক সম্বর্ধনা

এডিসি।স-৫১
খুমলুঙ, ২৯।০৫।২০২৩ইং

আজ খুমলুঙস্থিত প্রধান প্রশাসনিক নতুন ভবনের ২নং মিলনায়তনে এডিসির উদ্যোগে সাইকেলে ভারত ভ্রমণকারী তথা জাতীয় খেলোয়াড় আশা মালভিয়াকে সম্বর্ধনা দেওয়া হয়। রিসা ও ফুলের তোড়া দিয়ে জাতীয় খেলোয়াড় শ্রীমতী মালভিয়াকে ভরন করে স্বাগত জানিয়ে এডিসি সম্পর্কে অবগত করেন মুখ্যনির্বাহী আধিকারিক সি. কে. জমাতিয়া। এই অনুষ্ঠানে সাইকেলে ভ্রমণকারী আশা মালভিয়া জানান তাঁর ভ্রমণের উদ্দেশ্য হচ্ছে মহিলাদের সুরক্ষা ও ক্ষমতায়ন বিষয়ে সচেতন করে তোলা। তিনি জানান ভারতের ত্রিপুরা সহ ২০টি রাজ্য ঘুরেছেন। উল্লেখ্য গত বছরের ১লা নভেম্বর নিজ রাজ্য মধ্যপ্রদেশের ভূপাল থেকে এই যাত্রা শুরু করেন বলে তিনি জানান। চলতি বছরের আগামী ১৫ আগস্ট এই যাত্রা সম্পন্ন করবেন বলে শ্রীমতী মালভিয়া জানান। এই অনুষ্ঠানের অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন এডিসির উপদেষ্টা ক্যাপ্টেন জি এস রথী, অতিরিক্ত মুখ্যনির্বাহী আধিকারিক শঙ্কর দেবনাথ, উপমুখ্য নির্বাহী আধিকারিক বুদ্ধিলিয়ান রাঙ্জল সহ বিভিন্ন দপ্তর প্রধানগণ।